

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০০৬

অমরপুর, ২৯ ফেব্রুয়ারি, ২০২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা

অমরপুর মহকুমার পরীক্ষাকেন্দ্রগুলিতে ১৪৪ ধারা

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা আগামীকাল থেকে  
শুরু হবে। পরীক্ষা চলবে ৩০ মার্চ পর্যন্ত। অমরপুর মহকুমার অমরপুর দাদশ শ্রেণী বিদ্যালয়,  
অস্পি দাদশ শ্রেণী বিদ্যালয় ও নতুনবাজার দাদশ শ্রেণী বালক ও বালিকা বিদ্যালয়ে পরীক্ষাকেন্দ্র  
খোলা হয়েছে। শান্তিপূর্ণভাবে পরীক্ষাগ্রহণের জন্য অমরপুর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে জারি  
এক বিজ্ঞপ্তিতে পরীক্ষার দিনগুলিতে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের ১০০  
মিটারের মধ্যে ১৪৪ ধারা জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে পরীক্ষার্থী, সরকারি কাজে  
নিয়োজিত কর্মচারি, আরক্ষা কর্মী ছাড়া পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ৫ বা ততোধিক ব্যক্তি  
একসাথে জড়ে হতে পারবেননা। আরক্ষা কর্মী ব্যতীত অন্যকেউ পরীক্ষাকেন্দ্র এলাকায় কোনপ্রকার  
আগ্রহেয়ান্ত্র বা অস্ত্রসন্ত্র বহন করতে পারবেননা। পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে স্বরবর্ধক যন্ত্র  
ব্যবহার করা যাবে না। আদেশে বলা হয়েছে আইন অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ  
করা হবে।

\*\*\*\*\*